



রবিবার ভোটার তালিকায় যুক্ত হচ্ছেন তারেক রহমান ও জাইমার নাম: ইসি



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এবং তার মেয়ে জাইমা রহমানের ভোটার তালিকাভুক্তির প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। নির্বাচন কমিশনের রোববারের সভায় এ বিষয়ে আনুষ্ঠানিক অনুমোদন দেওয়ার কথা রয়েছে।

আগামী রোববার (২৮ ডিসেম্বর) অনুষ্ঠিত কমিশনের নিয়মিত সভায় বিষয়টি চূড়ান্তভাবে অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

শনিবার (২৭ ডিসেম্বর) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ তথ্য জানান ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ। তিনি বলেন, বিদ্যমান আইন অনুযায়ী যোগ্য নাগরিকদের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করার পূর্ণ এখতিয়ার নির্বাচন কমিশনের রয়েছে।

তিনি আরও জানান, ভোটার তালিকা আইন, ২০০৯-এর ১৫ ধারার আলোকে প্রাপ্তবয়স্ক ও যোগ্য নাগরিকদের ভোটার হিসেবে অন্তর্ভুক্ত করা যায়। সেই ধারার আওতায় তারেক রহমান ও জাইমা রহমানের আবেদন যাচাই-বাছাই শেষে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।

ইসি সূত্রে জানা গেছে, তারা দুজনই ঢাকা-১৭ সংসদীয় আসনের আওতাধীন ১৯ নম্বর ওয়ার্ডে ভোটার হিসেবে নিবন্ধিত হয়েছেন। কমিশনের সভায় অনুমোদন মিললে আনুষ্ঠানিকভাবে ভোটার তালিকায় তাদের নাম যুক্ত হবে।